

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট
জেডার, এনজিও অ্যান্ড স্টেকহোল্ডার পার্টিসিপেশন (জিএনএসপি) ইউনিট
আনসারী ভবন (৫ম তলা), ১৪/২ তোপখানা রোড, ঢাকা ১০০০



নং-৪৫.০৫.০০০০.০০৯.২৯.০০১.১৯ (অংশ-৩).৯১

তারিখ : ১২/০২/২০২৪ খ্রি:


বিষয়ঃ রাজশাহীতে ১৮/০২/২০২৪ খ্রি. থেকে ২০/০২/২০২৪ খ্রি. মেয়াদে অনুষ্ঠেয় “Health Sector Response to Gender-Based Violence (GBV)” শীর্ষক বিভাগীয় প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য ২ জন প্রশিক্ষণার্থী মনোনয়ন প্রদান সম্পর্কিত।

স্বাস্থ্য সেবা বিভাগের স্বাস্থ্য অর্থনীতি ইউনিটের অধীন জিএনএসপি ইউনিটের ২০২৩-২০২৪ অর্থবছরের কর্মপরিকল্পনা অনুযায়ী রাজশাহী বিভাগে “Health Sector Response to Gender-Based Violence (GBV)” শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচি আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। আগামী ১৮/০২/২০২৪ খ্রি. থেকে ২০/০২/২০২৪ খ্রি. মেয়াদে অনুষ্ঠেয় প্রশিক্ষণটি প্রতিদিন সকাল ৯ টা হতে বিকাল ৪ টা পর্যন্ত বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী এর সম্মেলনক্ষেত্রে অনুষ্ঠিত হবে। প্রশিক্ষণ কর্মসূচিতে মূলত স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন বিভিন্ন বিভাগ/ দপ্তর/ সংস্থায় কর্মরত কর্মকর্তাগণ অংশগ্রহণ করবেন। উল্লেখ্য, বিভাগীয় কমিশনার, রাজশাহী মহোদয় প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধন করতে সদয় সম্মত হয়েছেন।

২। উক্ত প্রশিক্ষণ কর্মসূচিতে তাঁর অধীন রাজশাহী জেলার পরিবার পরিকল্পনা বিভাগের অধীন এমওএমসিএইচ হতে ২ জন এমও-কে মনোনয়ন প্রদানপূর্বক যথাসময়ে প্রশিক্ষণ কর্মসূচিতে অংশ নিতে নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে বিশেষভাবে অনুরোধ করা হ'ল। মোবাইল নম্বরসহ মনোনীতদের তালিকা পূর্বাগ্রে জিএনএসপি ইউনিটে সরবরাহের ব্যবস্থা গ্রহণকে উৎসাহিত করা যাচ্ছে।

৩। উল্লেখ্য, প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণকারীদের সরকারী বিধি অনুযায়ী নির্ধারিত হারে দৈনিকভাতা প্রদান করা হবে।

৪। প্রশিক্ষণ বিষয়ে বিস্তারিত তথ্যের জন্য প্রয়োজনে অনুগ্রহপূর্বক জিএনএসপি ইউনিটের নাজমা সিদ্দিকা বেগম, ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার [০১৭১৯-১৩৯৮১৩] এবং ডা: এজিএম মাশুকুর রহমান, সিনিয়র কনসালটেন্ট [০১৬৭১১১৬০১৭] এর সাথে যোগাযোগ করা যেতে পারে।



(মো: সাইদুর রহমান খান)

প্রোগ্রাম ম্যানেজার

জিএনএসপি ইউনিট

মোবাইল : ০১৭১৬৮১৭৫৬৮

e-mail:msrk_6415@yahoo.com

বিভাগীয় পরিচালক (পরিবার পরিকল্পনা),
রাজশাহী।

অনুলিপি: জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়

- ১। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা।
- ৩। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।